

## ভূমিকা

গণতন্ত্রের আসল আদালত হচ্ছেন জনগণ। জনতার দরবার কখনো জনতার সঠিক মূল্যায়নে আলোড়িত এবং শিহরিত হয়, আবার কখনো কখনো অপব্যবহার জনতার দরবারকে করে কলঙ্কিত, তখন জনতার দরবারে যাঁরা জনতার অর্থাৎ জনগণের হয়ে প্রতিনিধিত্ব করেন, তাঁদের নিকট জনতার দরবার আসল তথ্য ও আসল সত্য জানতে চায়। কৈফিয়ত তলব করবার অধিকার জনগণের আছে। তাই অনেক অপ্রিয় কথার অবতারণা করতে বাধ্য হয়েও, ব্যক্তিগতভাবে এ লেখনী আমাকে জনগণের একজন প্রতিনিধি হিসাবে মানুষের আদালতে কৈফিয়ত দেবার সুযোগ করে দিয়েছে। কৈফিয়ত দেবার শুরু হয়েছে মাত্র। শেষ কোথায় ? জানি না ! তবে আবার আসবো ফিরে জনতার দরবারে। ত্রুটির সবটাই আমার। ক্রতৃজ্ঞতা সবার প্রতি।

জনতার দরবার জনতার উদ্দেশেই  
অপর্ণ করলাম।

এ লেখনীর মধ্যমণি

“গণতন্ত্রের ভবিষ্যত” সেই ভবিষ্যত ভবিষ্যতের পথ দেখাক স্বপ্ন এটাই। আর বাংলা থেকেই শুরু হোক রাজনৈতিক মূল্যবোধের যা দেখে ভারতবর্ষের অন্যান্য রাজ্য আগামী দিনে শপথ নেবে।

মমতা ব্যানার্জী